ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৪৫৭
আগরতলা,২৫ আগস্ট,২০২৬

## সমাজকল্যাণমন্ত্রীর সভাপতিত্বে দপ্তরের পর্যালোচনা সভা অনুষ্ঠিত

সমাজকল্যাণ ও সমাজশিক্ষা মন্ত্রী টিংকু রায়ের সভাপতিত্বে আজ সচিবালয়ের কনফারেন্স হলে এই দপ্তরের বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি নিয়ে এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। পর্যালোচনা সভায় সারা রাজ্যের অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির আরও উন্নীতকরণ এবং পরিষেবা বিষয়ে বিশেষভাবে আলোচনা করা হয়। এই বৈঠকে সারা রাজ্য থেকে সিডিপিও-গণ এবং দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ অংশ নেন। সমাজকল্যাণমন্ত্রী সিডিপিওদের সঙ্গে কথা বলেন এবং অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির আরও উন্নতির বিষয়ে আলোচনা করেন।

পর্যালোচনা সভায় সমাজকল্যাণমন্ত্রী বলেন, অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলির সুষ্ঠু পরিচালনা এবং শিশুদের কাছে বিভিন্ন পরিষেবা পৌঁছে দিতে অঙ্গনওয়াড়ি কর্মী এবং সিডিপিওদের আরও আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে কাজ করতে হবে। দপ্তরের আধিকারিকদের নিয়মিত অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি পরিদর্শন করতে হবে। শুধু পরিদর্শন করলেই হবে না, প্রতিটি অঙ্গনওয়াড়ি কেন্দ্রের বিষয়ে যথাযথ রেকর্ড সংরক্ষণ করার জন্যও তিনি আধিকারিকদের নির্দেশ দেন। সমাজকল্যাণমন্ত্রী বলেন, শিশুদের বিভিন্ন পরিষেবা সুনিশ্চিত করাই দপ্তরের সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া উচিত।

পর্যালোচনা সভায় সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের বিশেষ সচিব তপন কুমার দাস অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলি নিয়মিত পরিদর্শনের জন্য সুপারভাইজারদের নির্দেশ দেন। বৈঠকে বিদ্যালয় শিক্ষা দপ্তরের সচিব মিলিন্দ রামটেকে, খাদ্য দপ্তরের অধিকর্তা সুমিত লোধ, সমাজকল্যাণ দপ্তরের অধিকর্তা এল রাঞ্চল সহ পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

*****